# ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ১

## আরবি মূল আয়াত:

الٓرٰ تِلۡكَ اٰیٰتُ الۡكِتٰبِ الۡمُبِیۡنِ ﴿۱﴾

## অনুবাদসমূহ:

আলিফ-লাম-রা। এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত। — আল-বায়ান

আলিফ, লাম-রা, এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াতসমূহ। — তাইসিরুল

আলিফ-লাম-রা এগুলি সুস্পষ্ট কিতাবের আয়াত। — মুজিবুর রহমান

Alif, Lam, Ra. These are the verses of the clear Book. — Sahih International

### ১. আলিফ-লাম-রা; এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত।(১)

(১) অর্থাৎ এগুলো কুরআনের আয়াত। [ইবন কাসীর] সে গ্রন্থ যা হালাল ও হারামের বিধি-বিধান এবং প্রত্যেক কাজের সীমা ও শর্ত বর্ণনা করে। মানুষকে জীবনের প্রতি ক্ষেত্রের জন্য হেদায়াত ও সঠিক পথের দিশা জানিয়ে দেয়। [বাগভী; মুয়াসসার] কাতাদা বলেন, এ কুরআন অবশ্যই সুস্পষ্টভাবে বর্ণনাকারী। আল্লাহ্ তাঁর হেদায়াত ও পথের দিশা তাতে বর্ণনা করেছেন। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

### (১) আলিফ লা-ম রা। এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1597

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন